

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-০৩ শাখা
www.mefwd.gov.bd



স্মারক নম্বর:- ৫৯.০০.০০০০.১০৬.০২.০০৯.২০-৯৩

তারিখ: ১৭ চৈত্র ১৪২৭ বাং
৩১ মার্চ ২০২১ খ্রি.

বিষয়ঃ **স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত উত্তম চর্চার তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৮১১.৫৫.০০৩.১৮-৯৫, তারিখঃ ২৯-০৯-২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের আলোকে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৫.১ অনুচ্ছেদে উল্লিখিত উত্তম চর্চার তালিকা প্রণয়নপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো। তাছাড়া, সফট কপি gg_sec@cabinet.gov.bd এর মাধ্যমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

৩১/০৩/২০২১

(কাজী লুতফুল হাসান)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪০৯২২

healthad3@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আর্কষণ: সিনিয়র সহকারী সচিব, সুশাসন শাখা]

অনুলিপি সদয় অবগতির জন্য :

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত উত্তম চর্চার তালিকা নিম্নরূপ:

০১. পুরাতন ও ব্যবহার অনুপযোগী আসবাবপত্র ও অন্যান্য সরঞ্জামাদি অপসারণের জন্য কর্ম পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটি গঠন;
০২. এ বিভাগের করিডোর সমূহে বিভিন্ন সৌন্দর্য্যবর্ধক গাছের মাধ্যমে সুসজ্জিতকরণ;
০৩. কাজের গতি আনয়নের লক্ষ্যে শাখা পরিদর্শনের বিষয়টি জোরদারকরণ;
০৪. গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক এ বিভাগের জন্য সম্প্রতি বরাদ্দকৃত কক্ষসমূহ ব্যবহার উপযোগী এবং আধুনিকীকরণ;
০৫. ক্লিনিক ভবনে বর্তমানে নামাযের জন্য পৃথক অযুর ব্যবস্থা ও মহিলা টয়লেট স্থাপনের উদ্যোগ গ্রহন;
০৬. ডিজিটাল হাজিরার মূল্যায়ন এর ভিত্তিতে কর্মচারিগণ কে পুরস্কৃত ও তিরস্কৃত করা;
০৭. ২০২০-২১ অর্থবছরে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর ক্রয় কার্যক্রমের মধ্যে ১টি ইজিপিএর মাধ্যমে সম্পন্নকরণ;
০৮. কল সেন্টারের মাধ্যমে 'সুখি পরিবার' শীর্ষক সেবা প্রদান কার্যক্রম জোরদারকরণ;
০৯. ভয়েস-কল'-এর মাধ্যমে দূততার সাথে স্বাস্থ্যসেবা প্রদান;
১০. সমন্বিত ই-টুলকিট এর মাধ্যমে ই-লার্নিং কোর্স সম্পন্নকরণ;
১১. HRIS ডাটাবেজটি নিয়মিত হালনাগাদকরণ;
১২. ওয়েব-বেজড্ Asset Management System টি হালনাগাদকরণের সিদ্ধান্ত গ্রহণ;
১৩. Personnel Management Information System (PMIS)- এর কার্যক্রম ভবিষ্যতে আরও জোরদারকরণ;
১৪. মেডিকেল, ডেন্টাল ও নার্সিং কলেজসহ সকল সরকারি ও বেসরকারি নার্সিং ও মিডওয়াইফারি প্রতিষ্ঠানের ভর্তি পরীক্ষা অনলাইন ব্যবস্থাপনায় কেন্দ্রীয়ভাবে সম্পাদন অব্যাহত রাখা;
১৫. হোমিওপ্যাথিক ও আয়ুর্বেদিক কোর্সের ভর্তি পরীক্ষা ২০২০-২১ শিক্ষাবর্ষে সমন্বিতভাবে সম্পন্নকরণ;
১৬. তথ্য সংগ্রহ, সংকলন এবং রিপোর্ট জেনারেশনের সামগ্রিক প্রক্রিয়াকে ডিজিটাল করার মানসে উন্নয়ন সহযোগীদের সহযোগিতায় পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক ই-রেজিস্টার (EMIS) প্রণয়নের কাজ এবং অনলাইন ভিত্তিক কার্যক্রম জোরদারকরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;
১৭. এ বিভাগের অধীন সেবা গ্রহীতাদেরকে বিভিন্ন সভায় আমন্ত্রণসহ তাদের মতামত/পরামর্শ গ্রহণপূর্বক সে মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণ;
১৮. স্ব স্ব দপ্তরে দুর্নীতি বিরোধী কার্যক্রম ও উদ্ভাবনী চর্চা অব্যাহত রাখা;
১৯. প্রতি মাসে অন্তত দুই দিন নিজ নিজ অফিস কক্ষ/টেবিল চেয়ার নিজ নিজ দায়িত্বে পরিষ্কার করার উদ্যোগ গ্রহণ;
২০. প্রতিটি টয়লেটের দরজায় "ব্যবহারের পূর্বে যেমনটি আশা করুন তেমনটি রাখুন" শিরোনামে স্টীকার লাগানো;
২১. অফিসের কর্মকর্তা/কর্মচারীদের বিপদে/অসুস্থতা কালীন খোঁজখবর নেয়া, জন্মদিনে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো ইত্যাদি চালু রাখা।

